

তারিখ : ২৬/০২/২০১৯খ্রি:

বরাবর,  
চেয়ারম্যান  
জাতীয় মানবাধিকার কমিশন বাংলাদেশ  
বি টি এম সি ভবন  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।


বিষয় : আপনার আইনি পদক্ষেপে হারনো চাকরি পুনরুদ্ধার হওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ।

সূত্র : আপনার কার্যালয়ের নথি নং : এ এইচ আর বি সি/ অভিযোগ/ ২৮৯/১৭-২২০৩  
তারিখ- ২৭/১২/২০১৮ইং।

জনাব

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি মোঃ আবদুল হাকিম গত ১৪/০৩/২০১৮ইং আপনার দপ্তরে জাতীয় মানবাধিকার আইন ২০০৯ এর ১২ক বিধি মোতাবেক কক্সবাজার জেলা প্রশাসন এর বিরুদ্ধে প্রতিকার চাহিয়া এক অভিযোগ দায়ের করি। উক্ত অভিযোগের ভিত্তিতে আপনার কার্যালয় হতে জেলা প্রশাসন কক্সবাজার হতে প্রতিবেদন চাহিয়া স্মারক নং- ২৮৯/১৭-২২০৩ মুলে একাধিক বার প্রতিবেদন চাওয়া হয়। যার পরিপ্রেক্ষিতে কক্সবাজার জেলা প্রশাসন আমি নিম্ন স্বাক্ষরকারীর ফাইলটি কর্মে যোগদানের জন্য অনুমোদন দান করেন এবং স্মারক নং ০৫.২২০০.১২৮.০১০.০২৩.১৮-২০৬ তারিখ ২৪/০২/২০১৯ মুলে আমাকে সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি দান ও ০৬/০৪/২০০৫ইং হতে সমস্তু বকেয়া পরিশোধের আদেশ প্রদান করেন। আদালত হতে নির্দোষ প্রমাণিত হয়ে দীর্ঘ প্রায় ১৩ বছর ১১মাস পরে কর্মে যোগদানের আদেশ প্রাপ্ত হয়ে আজ আমি যারপরনাই আনন্দিত। মানবাধিকার কমিশন আইন ও কমিশন পরিবারের সকলের কাছে আমিও আমার পরিবার চিরকৃতজ্ঞ। ব্যক্তিগতভাবে চেয়ারম্যান জনাব কাজী রিয়াজুল হক গাজী মোঃ সালাহ উদ্দিন (উপসচিব অভিযোগ ও তদন্ত) এবং সুস্মিতা পাইক এর কাছে আমিও আমার পরিবার চিরকৃতজ্ঞতায় আবদ্ধ হইলাম। মহান আল্লাহর দরবারে আপনাদের সর্বাঙ্গীন কল্যাণ কামনা করি।

বিনীত

  
(মোঃ আবদুল হাকিম)

অফিস সহায়ক  
মাতারবাড়ী ইউনিয়ন ভূমি অফিস  
মহেশখালী, কক্সবাজার।  
০২৭১১ ২৭ ০০ ৫৬